

## **া** সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২০৩৮

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদ থেকে যার বাড়ি দুরবর্তী হয়, তাকে মহান আল্লাহ এমন সাওয়াব দেন, যা মসজিদের নিকটবর্তী ব্যক্তিকে দেন না

ذِكْرُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا مَنْ بَعُدَ داره عن المسجد من الفضل مالا يُعْطِي مَنْ قَرُبَ دَارُهُ منْهُ

## আরবী

2038 ـ أَخْبَرَنَا أَبُو خَلِيفَةَ حَدَّقَنَا مُسَدَّدُ بْنُ مُسَرْهَدِ عَنْ يَحْيَى بْنِ سَعِيدٍ عَنِ التَّيْمِيِّ عَنْ أَبِي عُثْمَانَ عَنْ أَبِي بْنِ كَعْبٍ قَالَ: كَانَ رَجُلُّ لَا أَعْلَمُ أَحَدًا مِنْ أَهْلِ الْمَدِينَةِ مِمَّنْ يُصلي الْقِبْلَةَ يَشْهَدُ الصَّلَاةَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْعَدَ جَوَارًا مِنَ الْمَسْجِدِ مِنْهُ فَقِيلَ: الْقِبْلَةَ يَشْهَدُ الصَّلَاةَ مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْعَدَ جَوَارًا مِنَ الْمَسْجِدِ مِنْهُ فَقِيلَ: لَو الْقَبْعُ عَلَيْهِ وَسَلَّمَ أَبْعَدَ جَوَارًا مِنَ الْمَسْجِدِ مِنْهُ فَقِيلَ: الْمَسْجِدِ فَذُكِرَ ذَلِكَ للنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْمُمْسَعِدِ فَذُكُرَ ذَلِكَ للنَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: الْمُمْوَلِي اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنْطَاكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (أَنْطَاكَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الله ما احتسبت) الراوي : أُبِيّ بْن كَعْبٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الراوي : أُبِيّ بْن كَعْبٍ ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الصفحة أو الرقم: 2038 ا خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

## বাংলা

২০৩৮. উবাই বিন কা'ব রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "মদীনার এক ব্যক্তি যিনি নিয়মিত রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সাথে জামা'আতে সালাত করতেন, মাসজিদে নববী থেকে তার চেয়ে দুরবর্তী আর কারো বাড়ি আছে বলে আমার জানা নেই। অতঃপর তাঁকে বলা হলো, "যদি আপনি একটি গাধা কিনতেন, তাহলে তপ্ত বালু ও অন্ধকার রাতে তার উপর আরোহন করতে পারতেন!" জবাবে সে ব্যক্তি বলেন, "আমি এতে খুশি হবো না যে, আমার বাড়িটি মাসজিদে নববীর কাছাকাছি থাকুক।" অতঃপর ব্যাপারটি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জানানো হলে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "তুমি যে সাওয়াবের



প্রত্যাশা করেছো, আল্লাহ তোমাকে সব কিছুর সাওয়াব দিয়েছেন।"[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/১৩৩; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/২০৭; সহীহ মুসলিম: ৬৬৩; আবূ দাউদ: ৫৫৭; দারেমী: ১/২৯৭; সহীহ ইবনু খুযাইমাহ: ১৫০০; আবূ আওয়ানা: ১/৩৯৮; সুনান বাইহাকী: ৩/৬৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৮৮৭।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারীর শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৫৬৬)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ উবাই ইবনু কা'ব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন